



## পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কোভিড-১৯ প্রতিরোধ

কোভিড-১৯ প্রতিরোধের জন্য  
আচরণ পরিবর্তন সংক্রান্ত  
যোগাযোগ উপকরণ

8 / ৫

### আচরণে ইতিবাচক পরিবর্তনের জন্য স্পষ্ট ও কার্যকর যোগাযোগ আবশ্যিক।

আচরণের ইতিবাচক পরিবর্তনকে উৎসাহিত করার লক্ষ্যে, বাংলাদেশে কোভিড-১৯ প্রতিরোধে গৃহীত পদক্ষেপগুলোর সাথে সরবরাহ করার জন্য ইটিআই যোগাযোগের সমন্বিত উপকরণ প্রস্তুত করেছে। এই উপকরণগুলো অন্যান্য কার্যক্রমের সাথে (যেমন ইটিআই এর বিভিন্ন কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণের উপকরণসমূহ) সম্মিলিতভাবে ব্যবহার করা উচিত। কেননা একটি কার্যকর যোগাযোগ শুধুমাত্র একটি স্লোগান বা বার্তা পৌঁছে দেয়ার মধ্যে সীমাবদ্ধ নয় বরং মানুষ ব্যক্তিগতভাবে বা সমষ্টিগতভাবে যেসব উপায়ে পারস্পরিক যোগাযোগ করে থাকে এবং নানা অর্থজ্ঞাপন করে থাকে তার পুরোটা এই যোগাযোগ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা দরকার।

ব্যাপক গবেষণার পরে, ইটিআই বাংলাদেশ বাছাইকৃত শব্দ, বাক্য ও ছবির ক্ষেত্রে সব ধরনের দ্ব্যর্থবোধকতা পরিহার করে কোভিড-১৯ প্রতিরোধ সম্পর্কে স্পষ্ট ও সংক্ষিপ্ত বার্তা প্রস্তুত করার জন্য কাজ করেছে। এসব বার্তা পোস্টার ও স্টিকারের মাধ্যমে, এবং সেইসাথে বাইরের একটি প্রযোজক কোম্পানির সাহায্য নিয়ে রচিত দু'টি গানের মাধ্যমে পৌঁছে দেয়া হয়েছে। ইটিআই বাংলাদেশ কম্পোজারদের সাথে একটি ঐতিহ্যবাহী বাংলা লোকগান এবং পশ্চিমা ও প্রাচ্যের পপের মিশ্রণে অন্য একটি গান সৃষ্টির জন্য নিবিড়ভাবে কাজ করেছে। দুটি গানই কোভিড-১৯ এর অধিকতর বিস্তার রোধ করার উপায় ও গুরুত্ব প্রচার করে। কারখানার পিএ সিস্টেমে নিয়মিতভাবে এই গানগুলো বাজানোর ফলে এই প্রকল্পে অংশগ্রহণকারী কারখানার অধিকাংশ কর্মচারীদের কাছে একটি আকর্ষণীয় ও সহজে মনে রাখার মতো ফরম্যাটে গুরুত্বপূর্ণ স্বাস্থ্যবার্তা পৌঁছে দিতে সক্ষম হয়েছে।

### কোভিড-১৯ বিষয়ক বার্তা প্রচারের জন্য ইটিআই কর্তৃক প্রস্তুতকৃত উপকরণসমূহ



পোস্টার



স্টিকার



বাংলার ঐতিহ্যবাহী  
লোকগানের সুরে কোভিড-১৯  
বিষয়ক সচেতনতামূলক গান



প্রাচ্য ও পশ্চাত্যের পপ গানের  
সুরের মিশ্রণে কোভিড-১৯  
বিষয়ক সচেতনতামূলক গান

### যোগাযোগ উপকরণগুলো কার্যকরভাবে ব্যবহারের জন্য অনুগ্রহ করে নিচের বিষয়গুলো বিবেচনা করুন:

১

উদ্দিষ্ট জনগোষ্ঠীর জন্য  
এবং তাদের চাহিদার জন্য  
উপযুক্ত উপকরণগুলো  
নির্বাচন করুন

২

উপকরণগুলো একটি  
অপেক্ষাকৃত বিস্তৃত  
কর্মসূচি বা কার্যক্রমের  
শৃঙ্খলের সাথে সমন্বয় করুন

৩

উপকরণগুলো কিভাবে  
বিতরণ করবেন ও পৌঁছে  
দেবেন সেই পরিকল্পনা  
করুন

৪

উপকরণগুলো কিভাবে  
ব্যবহার করা হচ্ছে তা  
পর্যবেক্ষণ করুন, মতামত  
জানতে চান

৫

আপনার  
কর্মপদ্ধতির  
কার্যকারিতা  
মূল্যায়ন করুন

বাংলাদেশের তৈরি পোশাক  
কারখানার জন্য ইটিআই-এর  
কোভিড-১৯ বিষয়ক শিখন  
উপকরণসমূহ

এই নির্দেশিকা এবং এতে উল্লিখিত প্রশিক্ষণ মডিউলটি যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ এন্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর অর্থায়নে ভালনারেবল সাপ্লাই চেইনস ফ্যাসিলিটি (ভিএসসিএফ) নামক উদ্যোগের অধীনে তৈরি করা হয়েছে। কোভিড-১৯ এর ব্যাপারে দ্রুত সাড়া দানের এই উদ্যোগটি ব্যবস্থাপনা করছে মট ম্যাকডোনাল্ড লিমিটেড। এই ফ্যাসিলিটি বাংলাদেশ, ইথিওপিয়া, ঘানা, কেনিয়া, মিয়ানমার, তাজানিয়া, ও জিম্বাবুয়ের ১০০ এরও বেশি সরবরাহকারীকে সহায়তাকারী যুক্তরাজ্যের এবং আন্তর্জাতিক ২০টি খুচরা বিক্রেতা ও ব্র্যান্ড, এবং সাতটি অলাভজনক সংস্থার সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। এটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় দশ লাখ নারী ও পুরুষকে অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্যগত সুবিধা প্রদান করেছে।